

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৯

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩. দ্বিতীয় অনুচ্ছেদ - রক্তপ্রদর রোগিণী

আরবী

وَعَن أَم سَلَمَة: إِنَّ امْرَأَةً كَانَتْ تُهْرَاقُ الدَّمَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «لِتَنْظُرْ عَدَدَ اللَّيَالِي فَاسْتَفْتَتْ لَهَا أَم سَلَمَة رَسُول الله صلى الله عَلَيْهِ وَسلم فَقَالَ: «لِتَنْظُرْ عَدَدَ اللَّيَالِي وَالْأَيَّامِ النَّي كَانَتْ تَحِيضُهُنَّ مِنَ الشَّهْرِ قَبْلَ أَنْ يُصِيبَهَا الَّذِي أَصَابَهَا فَلْتَتْرُكِ الصَّلَاةَ قَدْرَ ذَلِكَ مِنَ الشَّهْرِ فَإِذَا خلفت ذَلِكَ فلتغتسل ثمَّ لتستثفر بِثَوْب ثمَّ لتصل» . رَوَاهُ مَالك وَأَبُو دَاوُد والدارمي وروى النَّسَائِيِّ مَعْنَاهُ

বাংলা

৫৫৯-[৩] উন্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সময়ে জনৈকা নারীর ঋতুস্রাব হতে লাগলো। উন্মু সালামাহ্ তার ব্যাপারটি সম্পর্কে নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলেন। উত্তরে তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এ অবস্থায় তার দেখতে হবে গতমাসে যে কয়দিন তার হায়য থাকতো, ঐ কয়দিন সালাত (সালাত/নামায/নামাজ) হতে বিরত থাকবে। যখন সে পরিমাণ দিন শেষ হয়ে যাবে, সে গোসল করবে। এরপর কাপড়ের টুকরো দিয়ে নেংটি বেঁধে সালাত আদায় করবে। (মালিক, আবূ দাউদ, দারিমী ও নাসায়ী)[1]

ফটনোট

[1] সহীহ : মালিক ১৩৮, আবূ দাঊদ ২৭৪, দারিমী ৭৮০, নাসায়ী, সহীহুল জামি' ৫০৭৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মুসতাহাযা মহিলা যাদের মাসিক রক্ত একাধারে নির্গত হতে থাকে সে পূর্বের নির্ধারিত দিনগুলো পার হলে গোসল করে কাপড় দিয়ে পট্টি বেঁধে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে যাবে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন